



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মোংলা কাস্টম হাউস, মোংলা, বাগেরহাট
[নিলাম শাখা]
www.mch.portal.gov.bd

“E-Auction বিজ্ঞপ্তি”

মোংলা বন্দর জেটিতে রক্ষিত আমদানিকৃত বিভিন্ন মডেলের রিকন্ডিশন গাড়ী ও অন্যান্য মালামাল 'যেখানে যে অবস্থায় আছে সে ভিত্তিতে' নিলাম সেল নং-০৪/২০২৪ এর বিপরীতে ১৮/০৭/২০২৪ খ্রি. তারিখে সিদ্ধ টেন্ডার ও E-Auction এর মাধ্যমে নিলামে বিক্রয়ের লক্ষ্যে দরপত্র আহ্বান করা যাচ্ছে। আগামী ০৪/০৭/২০২৪ খ্রি. তারিখে ওয়েবসাইটে (mch.portal.gov.bd) সংরক্ষিত মূল্যসহ সাময়িক ক্যাটালগ প্রকাশ করা হবে এবং আগামী ১৪/০৭/২০২৪ খ্রি. তারিখে চূড়ান্ত ক্যাটালগ প্রকাশ করা হবে। নিলামে অংশগ্রহণকারী ব্যক্তির ক্ষেত্রে জাতীয় পরিচয়পত্রের সত্যায়িত ফটোকপি এবং প্রতিষ্ঠানের ক্ষেত্রে হালনাগাদ ট্রেড লাইসেন্স, মুসক নিবন্ধন সনদ ও হালনাগাদ আয়কর সনদের সত্যায়িত ফটোকপি দাখিল করতে হবে।

আগামী ০৮/০৭/২০২৪ খ্রি. তারিখ হতে ০৯/০৭/২০২৪ খ্রি. তারিখ পর্যন্ত (ক) মোংলা কাস্টম হাউস, মোংলা, বাগেরহাট এর নিলাম শাখায় কর্মরত নিলামকারী প্রতিষ্ঠান মেসার্স কে এম কর্পোরেশন; (খ) মেসার্স কে এম কর্পোরেশন, ৩০৬, স্ট্যান্ড রোড, মাঝিরঘাট, চট্টগ্রাম এবং (গ) মেসার্স কে এম কর্পোরেশন, জীবন বীমা ভবন, (২য় তলা) ৮০, মতিঝিল বা/এ, ঢাকা হতে ২০০/- (দুইশত) টাকা (অফেরৎযোগ্য) মূল্যে দরপত্র ক্রয় করা যাবে। অনলাইনে দাখিলের ক্ষেত্রে দরপত্র ক্রয়ের আবশ্যিকতা নেই। লটভুক্ত মালামাল আগামী ০৮/০৭/২০২৪ খ্রি. ও ০৯/০৭/২০২৪ খ্রি. তারিখ সকাল ০৯:৩০ টা হতে বিকাল ০৪:০০ টা পর্যন্ত পরিদর্শন করা যাবে।

অনলাইনে দরপত্র দাখিলে আগ্রহী নিলাম ক্রেতাগণ আগামী ১৭/০৭/২০২৪ সকাল ০৯:৩০ টা হতে ১৮/০৭/২০২৪ খ্রি. বিকাল ০৪:০০ ঘটিকা পর্যন্ত www.bangladeshcustoms.gov.bd ওয়েবসাইট এ উল্লিখিত E-Auction Software (103.48.18.166/auction/501) এ রেজিস্ট্রেশন করে উক্ত নিলামে অংশগ্রহণ করতে পারবেন। অনলাইনে দাখিলকৃত দরদাতাকে কোটেশন মূল্যের কমপক্ষে ১০% অর্থ জামানত যে কোন তফসিলি ব্যাংক হতে কমিশনার, মোংলা কাস্টম হাউস এর অনুকূলে ইস্যুকৃত পে-অর্ডার/ব্যাংক ড্রাফট/ডিডি এর স্ক্যান কপি অনলাইনে দাখিল করে এর মূল কপি ও প্রযোজ্য দলিলাদি ০৯/০৬/২০২৪ খ্রি. তারিখ অফিস চলাকালীন সময়ের মধ্যে রাজস্ব কর্মকর্তা (নিলাম), মোংলা কাস্টম হাউস বরাবর দাখিল করতে হবে। উক্ত সময়ের মধ্যে মূল পে-অর্ডার/ব্যাংক ড্রাফট/ডিডি দাখিল বা পাওয়া না গেলে সংশ্লিষ্ট বিড বাতিল বলে গণ্য হবে।

সিদ্ধ টেন্ডারের ক্ষেত্রে আগামী ১৮/০৭/২০২৪ সকাল ০৯:৩০ টা হতে দুপুর ০১:০০ টা পর্যন্ত (ক) কমিশনার, কাস্টম হাউস, মোংলা, বাগেরহাট; (খ) কমিশনার, কাস্টমস্, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, খুলনা; (গ) কমিশনার, কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, ঢাকা দক্ষিণ ঢাকা, আইডিইবি ভবন (৪র্থ ও ৫ম তলা) ১৬০/এ, কাকরাইল, ঢাকা-১০০০; এবং (ঘ) কাস্টম হাউস, চট্টগ্রাম অফিসে রক্ষিত দরপত্র বাঞ্ছা দরদাতা কর্তৃক উদ্ধৃত মূল্যের অনূন ১০% জামানতসহ দরপত্র দাখিল করা যাবে। প্রাপ্ত দরপত্র আগামী ২৩/০৭/২০২৪ খ্রি. তারিখ বেলা ১১:০০ টার সময় সহকারী কমিশনার (নিলাম), মোংলা কাস্টম হাউস, মোংলা, বাগেরহাট এর অফিস কক্ষে দরপত্র দাতাদের সম্মুখে (যদি কেহ উপস্থিত থাকেন) দরপত্র খোলা হবে। নিলাম সংক্রান্ত নিয়মাবলী ও বিস্তারিত তথ্য সিডিউলে উল্লেখ থাকবে। প্রাথমিক তথ্যের জন্য জনাব মোঃ সাবুল আহমদ, রাজস্ব কর্মকর্তা (নিলাম), মোবাঃ ০১৯৭৭-৪৯১৯৮৯), নিলামকারী প্রতিষ্ঠান: মেসার্স কে এম কর্পোরেশন, ৩০৬, স্ট্যান্ড রোড, মাঝিরঘাট, চট্টগ্রাম এর পক্ষে জনাব এ কে মুস্তাফিজুর রহমান, (চট্টগ্রাম) মোবাঃ ০১৩১০-৭৮৮২৮০ এবং জনাব মোঃ আফাজুর রহমান, (ঢাকা) মোবাঃ ০১৮২৩-৫৩০২২৫ এর সাথে যোগাযোগ করার জন্য অনুরোধ করা হলো।

30.06.24

(মোঃ রুবেল হাসান)

সহকারী কমিশনার

মোংলা কাস্টম হাউস, মোংলা